

স্মারক নম্বর ৩১.১০.০৪০০.১১১.৩২.৫৪৪.২২- ৩৯৫

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

বালুমহাল ইজারার উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি ১৪৩০

বরগুনা জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত ১৬ (ষোল) টি বালুমহাল বাংলা ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত একসনা ইজারা প্রদানের লক্ষ্যে প্রথম শ্রেণির বালুমহাল ইজারাদার হিসেবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে:

- বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতি দরপত্রের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা জেলা প্রশাসক, বরগুনা এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত জমাপূর্বক রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনার এর কার্যালয়, বরিশাল, রাজস্ব শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এর এবং উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, সকল, বরগুনা জেলা হতে দরপত্র ফরম ক্রয় করা যাবে।
- দরপত্র নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনার এর কার্যালয়, বরিশাল, এস.এ শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এর এবং উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, সকল, বরগুনা জেলা এর রক্ষিত দরপত্র বাজে নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে।
- নির্দিষ্ট তারিখে সময়সূচি অনুযায়ী বেলা ০১:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপত্র দাখিলের সময় দরপত্রের সঞ্চে ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র, ট্রেড লাইসেন্স, হাল সনের আয়কর সনদপত্র এবং প্রদত্ত দরের ২৫% জামানত বাবদ জেলা প্রশাসক, বরগুনা এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, বরগুনা কোর্ট বিল্ডিং শাখা হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে অবশ্যই দাখিল করতে হবে।
- দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- উপরে বর্ণিত শর্তাবলী ছাড়াও অন্য কোন প্রয়োজনীয় তথ্যাদি এ অফিসের এস.এ শাখা হতে জানা যাবে এবং দরপত্র দাখিলের পূর্ণাঙ্গ শর্তাবলী সিডিউলের সাথে সরবরাহ করা হবে।

দরপত্র প্রাপ্তির ও দাখিলের স্থান	১. রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল। ২. এস.এ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা। ৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সকল, বরগুনা।
----------------------------------	---

বিজ্ঞপ্তির নং	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র ফরম দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	দরপত্র কমিটি'র সভা	মন্তব্য
১ম বিজ্ঞপ্তি	২১.০৩.২০২৩ বিকাল ০৫:০০ টা	২২.০৩.২০২৩ সকাল ০৯:০০-১২:০০ টা	২২.০৩.২০২৩ দুপুর ০১:০০ টা	২৭.৩.২০২৩ সকাল ১১:০০ টা	--
২য় বিজ্ঞপ্তি	২৯.০৩.২০২৩ বিকাল ০৫:০০ টা	৩০.০৩.২০২৩ সকাল ০৯:০০-১২:০০ টা	৩০.০৩.২০২৩ দুপুর ০১:০০ টা	০২.০৪.২০২৩ সকাল ১১:০০ টা	১ম বিজ্ঞপ্তিতে যে সকল বালুমহাল ইজারা হবেনা
৩য় বিজ্ঞপ্তি	০৯.০৪.২০২৩ বিকাল ০৩:০০ টা	১০.০৪.২০২৩ সকাল ০৯:০০-১২:০০ টা	১০.০৪.২০২৩ দুপুর ০১:০০ টা	১১.০৪.২০২৩ সকাল ১১:০০ টা	২য় বিজ্ঞপ্তিতে যে সকল বালুমহাল ইজারা হবেনা


(হাবিবুর রহমান)
জেলা প্রশাসক

ও

সভাপতি


জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৬৫৬৬ (অফিস)
e-mail: dcbarguna@mopa.gov.bd

স্মারক নম্বর ৩১.১০.০৪০০.১১১.৩২.৫৪৪.২২- ৩ ১ ৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ০৪। জেলা প্রশাসক, বরিশাল/ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/ঝালকাঠী।
- ০৪। পুলিশ সুপার, বরগুনা।
- ০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরগুনা।
- ০৬। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূতত্ত্ব ভবন (৭ম তলা), ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, বরগুনা। বিজ্ঞপ্তি তীর নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। তাকে বিজ্ঞপ্তি বহল প্রচারের নিমিত্ত উপজেলা ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। মেয়র, বরগুনা/আমতলী/পাথরঘাটা/বেতাগী পৌরসভা, বরগুনা।
- ১১। সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। তাকে বিজ্ঞপ্তি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জেলা তথ্য অফিসার, বরগুনা। তাকে মাইকযোগে বিভিন্ন স্থানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। সাব-রেজিস্ট্রার, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তি তার নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সহকারী পরিচালক, বরগুনা নদী বন্দর, বরগুনা।
- ১৫। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, বরগুনা/ উপজেলা পোস্ট মাস্টার /আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তি তার নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা। বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), বরগুনা জেলা। বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য বলা হলো।
- ১৮। জনাবপ্রাক্তন ইজারাদার/ইজারায় অংশগ্রহণকারী, সাং-.....।
- ১৯। সম্পাদক.....।এতৎসঙ্গে প্রেরিত বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় ডিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ২০। পরিচালক, বরগুনা কেবল নেটওয়ার্ক, বরগুনা। বিজ্ঞপ্তি তীর চ্যানেলে শুভেচ্ছামূল্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।


জেলা প্রশাসক
বরগুনা